SEP. 26 2002

# আ'লীগ উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ করে দেশকে মেধাহীন করার ষড়যন্ত্র করছে ঢাবি ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক এ বি এম মোশাররফ হোসেন বলেছেন, শিক্ষা আমাদের মৌলিক অধিকার। এ অধিকার হরণ করার ষড়যন্ত্র চলছে। তিনি বলেন, আওয়ামী লীগের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে জাতিকে অশিক্ষিত এবং মেধা পাচারের মাধ্যমে দেশকে

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ঢাঃবিঃ ছাত্রদল

৮-এর পৃষ্ঠার পর

মেধাহীন করার ষড়যন্ত্র প্রতিহত করতে হবে।

তিনি গতকাল (বুধবার) মুহসীন হল শাখা ছাত্রদলের কর্মীসভায় প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক শফিউল বারী বাবুর সভাপতিত্বে এবং যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম আলিমের পরিচালনায় ডাকসু ভবনে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ, হায়দার আলী লেলিন, সাঈদ ইকবাল মাহমুদ টিটু, মুহসীন হলের সাধারণ সম্পাদক গোলাম হাফিজ নাহিন ও সাংগঠনিক সম্পাদক আনোয়ারুল হক রয়েল প্রমুখ। সভায় ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির সদস্য সুলতান সালাউদ্দিন টুকু, এ টি এম আব্দুল বারী ড্যানী, শামসুজ্জামান মেহেদী প্রমুখ। শফিউল বারী বাবু বলেন, তথাকথিত প্রগতিশীল নামধারী আওয়ামী-বাকশালী প্রেতাত্মারা রাজনৈতিক দেউলিয়াত্বের কারণে শিক্ষাঙ্গনকে টার্গেট করে হীনস্বার্থ চরিতার্থ করার ষড়যন্ত্র করছে। এ ব্যাপারে সচেতন ছাত্রসমাজকে সোচ্চার হতে হবে।